

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা ঢকা-১০০০

প্রেস রিলিজ

ঢাকায় অনুষ্ঠিত হচ্ছে দক্ষিণ এশিয়ার টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থার তরঙ্গ বিষয়ক গুরুত্বপূর্ণ সভা

ঢাকা, অক্টোবর ১২, ২০১২

অদ্য ১০ অক্টোবর, ২০১২ এশিয়া প্যাসিফিক টেলিকমিউনিটির উদ্যোগ এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের সহযোগিতায় বিটিআরসি'র প্রধান সম্মেলন কক্ষে আয়োজন করা হয় দক্ষিণ এশিয়া টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কাউন্সিল (SATRC) এর Spectrum Working Group এর দুই দিন ব্যাপী সভা ও কর্মশালা। দক্ষিণ এশিয়ার ৯টি দেশের টেলিকম নিয়ন্ত্রক, টেলিকম বিশেষজ্ঞ, নীতি নির্ধারক ও পরামর্শক সহ ১৫জন সদস্য এতে অংশগ্রহণ করেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বিটিআরসি'র উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে বিটিআরসি'র পক্ষ থেকে স্বাগত ভাষণ দেন বিটিআরসি'র দায়িত্বপ্রাপ্ত চেয়ারম্যান জনাব মোঃ গিয়াসউদ্দিন আহমেদ। এরপর কার্যকরী গ্রুপের চেয়ারম্যান ইরান থেকে আগত ডঃ মিনা দস্তি তাঁর ভাষণ প্রদান করেন। অনুষ্ঠানের SATRC এর পরামর্শক জনাব অমরেন্দ্র নারায়ন তাঁর দিক নির্দেশনা মূলক ভাষণ দেন। পরে APT'র প্রজেক্ট কো-অর্ডিনেটর, রেডিও কমিউনিকেশন জনাব ফরহাদুল পারভেজ তাঁর ভাষণে দক্ষিণ এশিয়া তরঙ্গ ব্যবস্থাপনার বিভিন্ন দিক তুলে ধরেন। অনুষ্ঠানের শেষে বিটিআরসি'র পক্ষ থেকে লেঃ কর্ণেল মোহাম্মদ সাজ্জাদ হোসেন, পরিচালক (স্পেকট্রাম ম্যানেজমেন্ট) বাংলাদেশের তরঙ্গ ব্যবস্থাপনা পর্যবেক্ষনের উপর একটি উপস্থাপনা প্রদান করেন। এর মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

দুই দিন ব্যাপী এই সভায় SATRC অ্যাকশন প্ল্যান ফেজ-৪, SATRC দেশগুলোতে ৭০০ মেগাহার্টজ তরঙ্গের সঙ্গতি পূর্ণ ব্যবহার, সীমান্তিক সময়, SATRC দেশগুলোতে তরঙ্গ বন্টনে বাজার ভিত্তিক পদ্ধতি অনুসরণ, আঞ্চলিক মোবাইল ব্রডব্যান্ডের জন্য তরঙ্গের প্রয়োজনীয়তা প্রাপ্যতা গবেষণা, SATRC দেশগুলো তরঙ্গ ব্যবহারের তথ্য আদান প্রদান, ঢাকা ঘোষণা ও পরবর্তী ১৪তম SATRC সভার প্রস্তাবনা বিষয়ে অংশগ্রহণকারী দেশের প্রতিনিধিগণ মতবিনিময় ও সিদ্ধান্ত গ্রহণ করেন।

(মোঃ জাকির হোসেন খাঁন)
সহকারী পরিচালক (মিডিয়া)
বিটিআরসি।

ফোন : ০১৫৫২২০২৮৪০